জীবননগরে ৩৭টি দুস্থ পরিবারের মাঝে বিনামূল্যে টিউবওয়েল বিতরণ

জীবননগরে ৩৭টি অসহায় ও দুস্থ পরিবারের মাঝে বিনামূল্যে টিউবওয়েল বিতরণ করা হয়েছে। গতকাল রোববার সকাল ১০টার সময় জীবননগর উপজেলার মাধবপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসার মাঠে দোস্ত এইড বাংলাদেশ সোসাইটির পক্ষ থেকে এসব টিউবওয়েল বিতরণ করা হয়।

দোস্ত এইড বাংলাদেশ সোসাইটির নির্বাহী সদস্য সাব্বির আহমেদ মুহিতের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দুস্থ পরিবারগুলোর মাঝে টিউবওয়েল বিতরণ করেন জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. রোকুনুজ্জামান ।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. রোকুনুজ্জামান বলেন, গ্রামের অসহায় মানুষের জন্য সুপেয় নিরাপদ পানি নিশ্চিত করতে কাজ করছে দোস্ত এইড বাংলাদেশ। এ জেলায় অনেকদিন ধরে কাজ করছে সংস্থাটি, রমজানের শুরুতে মানুষের মাঝে ইফতার সামগ্রী ও ফুড প্যাকেট বিতরণ করেছে, তাদের কাজগুলো প্রশংসনীয়।

আগামীতে অসহায় মানুষের সেবায় এ ধরনের কাজগুলোকে অব্যাহত রাখা হোক, এ প্রত্যাশা করি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজসেবক মো. শাহ আলম শরিফুল ইসলাম, দোস্ত এইড সদস্য সাংবাদিক মিথুন মাহমুদ, দোস্ত এইডের সদস্য সাংবাদিক চাষী রমজান, দোস্ত এইডের ব্রাঞ্চ ইনচার্জ হোসাইদ আহমেদ প্রমুখ।